

নোটিশ

খুলনা আলিয়া কামিল মাদরাসার ১ম শ্রেণি থেকে কামিল শ্রেণির ছাত্রদের জানানো যাচ্ছে, মহান বিজয় দিবস-২০১৬ উদযাপন উপলক্ষে রচনা, উপস্থিত বক্তৃতা ও মুক্তিযুদ্ধ ভিত্তিক কবিতা আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। প্রতিযোগিতার বিষয় ও নিয়মাবলি নিম্নরূপ :

কবিতা আবৃত্তি প্রতিযোগিতা :

গ্রুপ	শ্রেণির নাম	কবিতার নাম	
ক	১ম থেকে ৫ম শ্রেণি	মুক্তিযুদ্ধ ভিত্তিক যে কোনো কবিতা	-----
খ	৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণি	তোমাকে পাওয়ার জন্যে হে স্বাধীনতা	-----


রচনা প্রতিযোগিতা :

গ্রুপ	শ্রেণির নাম	বিষয়ের নাম	শব্দ সংখ্যা
ক	৬ষ্ঠ থেকে ৯ম	বঙ্গবন্ধু ও স্বাধীনতা	১০০০ শব্দের মধ্যে
খ	আলিম থেকে কামিল	মুক্তিযুদ্ধে বুদ্ধিজীবীদের ভূমিকা	২৫০০ শব্দের মধ্যে

নিয়মাবলী :

- (১) রচনা A⁴ সাইজের সাদা কাগজে নিজ হাতে লিখতে হবে। (উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।)
- (২) রচনা কভার পৃষ্ঠায় গ্রুপ, বিষয়ের নাম, নিজের নাম, শ্রেণির নাম, শ্রেণি রোল নম্বর, বিভাগের নাম স্পষ্টকরে লিখতে হবে।
- (৩) রচনা আগামী ১৫ ডিসেম্বর ২০১৬ খ্রি. সকাল ১০টার মধ্যে ইংরেজি ~~প্রভাষক~~ ^{শিফটক} জনাব এস এম হায়দার আলী এর কাছে জমা দিতে হবে।
- (৪) কবিতা আবৃত্তি ও বক্তৃতা ১৬ ডিসেম্বর ২০১৬ খ্রি. তারিখ সকাল ৮ টার সময় মাদরাসার তৃতীয় তলায় অনুষ্ঠিত হবে। উক্ত সময়ের পূর্বে বিচারকবৃন্দের কাছে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে ইচ্ছুক ছাত্রদের নাম দাখিল করতে হবে।

বিশেষ দ্রষ্টব্য :- প্রতিযোগিতার পুরস্কার বিতরণী ১৬ ডিসেম্বর ২০১৬ খ্রি. তারিখ সকাল ৯ টায় মাদরাসার অডিটরিয়াম (তৃতীয় তলায়) অনুষ্ঠিত হবে।


১২.১২.১৬

(আবুল খায়ের মোহাম্মদ যাকারিয়া)

অধ্যক্ষ

খুলনা আলিয়া কামিল মাদরাসা, খুলনা

(আ. ক. ম. যাকারিয়া)

অধ্যক্ষ

খুলনা আলিয়া কামিল মাদরাসা, খুলনা

ফোন: ০১৩৪৬১৩১৩১৩